

International Crimes Strategy Forum (ICSF)

101, WhiteChapel High Street, Ground Floor, London E1 7RA, United Kingdom

১৭ সেপ্টেম্বর ২০১৪

প্রেস রিলিজ

আপীল বিভাগের রায়ে হতাশা প্রকাশ: সংবিধানের ৪৯ ধারার জরুরী সংশোধন দাবী করছে আইসিএসএফ

১৯৭১ সালে সংঘটিত আন্তর্জাতিক অপরাধের দায়ে মৃত্যুদন্ড প্রাপ্ত দেলওয়ার হোসেন সাদ্দীদীর মামলায় সুপ্রীম কোর্টের আপীল বিভাগ তার মৃত্যুদন্ডের শাস্তির পরিবর্তে আমৃত্যু কারাদন্ড প্রদান করেছে ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ) এই রায়ে গভীর হতাশা প্রকাশ করেছে এই প্রেক্ষিতে আইসিএসএফ সরকারের কাছে অনতিবিলম্বে বাংলাদেশ সংবিধানের ধারা-৪৯ (রাষ্ট্রপতির ক্ষমতা প্রদর্শনের অধিকার) সংশোধনের দাবী জানাচ্ছে।

বাংলাদেশ সংবিধানে বর্তমানে সংবলিত ধারা-৪৯ অনুযায়ী রাষ্ট্রপতি - ‘কোন আদালত, ট্রাইবুনাল, বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোন দন্ডের মার্জনা, বিলম্বন, ও বিরাম মঞ্জুর করিবার এবং যে-কোন দন্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করিবার ক্ষমতা’ রাখেন। বিভিন্ন রাজনৈতিক ও অন্যান্য কারণে অতীতে এই ক্ষমতাটির অপব্যবহার সূরণে রেখে, এবং সুপ্রীম কোর্ট প্রদত্ত এই রায়ে (“আমৃত্যু কারাদন্ড”) প্রকৃত বাস্তবায়ন নিশ্চিত করতে - সংবিধানের এই ধারাটিকে অবিলম্বে সংশোধন করে রাষ্ট্রপতির এই ক্ষমতা আন্তর্জাতিক অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে অপ্রয়োগযোগ্য করা জরুরী। আইসিএসএফ মনে করে কেবলমাত্র এই সংশোধনীটুকুর মাধ্যমেই ১৯৭১ এর অপরাধের ভিকটিমদের সুবিচার প্রাপ্তি সম্ভব।

ড. রায়হান রশিদ

(সদস্য, আইসিএসএফ)

ড. আহমেদ জিয়াউদ্দিন

(সদস্য, আইসিএসএফ)

এম সানজীব হোসেন

(সদস্য, আইসিএসএফ)

PHONE
+44 7962027565

EMAIL
info@icsforum.org

WEB
http://icsforum.org